

## প্রেস রিলিজ

২৫ ফেব্রুয়ারি ২০২৫

বিশিষ্ট পরমাণুবিজ্ঞানী অধ্যাপক ড. এম শমশের আলী এর বাউবিতে “প্রফেসর ইমেরিটাস” পদে যোগদান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. এম শমশের আলী আজ ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ মঙ্গলবার “প্রফেসর ইমেরিটাস” পদে বাউবিতে যোগদান করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ১৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস-এর ১৯৫তম সভায় সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক বিশিষ্ট পরমাণুবিজ্ঞানী অধ্যাপক ড. এম শমশের আলী-কে বাউবিতে “প্রফেসর ইমেরিটাস” হিসেবে এ নিয়োগ প্রদান করা হয়। ড. শমশের আলী “প্রফেসর ইমেরিটাস” হিসেবে উন্মুক্ত ও দূরশিক্ষণ-এর ক্ষেত্রসহ বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষা উন্নয়ন এবং গবেষণা ও উদ্ভাবনমূলক কার্যক্রমে পরামর্শ প্রদান করবেন। ড. এম শমশের আলী “প্রফেসর ইমেরিটাস” হিসেবে বাউবিতে যোগদান করায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম তাঁকে অভিনন্দন জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার যুগান্তকারী পদক্ষেপ গ্রহণের অবদানের স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বহুমুখী প্রতিভার অধিকারী এমন একজন গুণী ব্যক্তিকে “প্রফেসর ইমেরিটাস” হিসেবে নিয়োগ দিতে পারায় আমি অত্যন্ত আনন্দিত ও গর্বিত”। বাউবির স্বপ্নদ্রষ্টা অধ্যাপক ড. এম শমশের আলী উন্মুক্ত ও দূরশিক্ষণ পদ্ধতির এ বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন ও গতিশীলতা আনয়নে তাঁর সুচিন্তিত পরামর্শ দিয়ে অধিকতর কার্যকর অবদান রাখবেন বলে উপাচার্য দৃঢ়ভাবে আশাবাদী।

উপাচার্য ড. এ বি এম ওবায়দুল ইসলাম আজ (মঙ্গলবার) আনুষ্ঠানিকভাবে অধ্যাপক এম শমশের আলীকে এ নিয়োগপত্র প্রদান করেন। অধ্যাপক ড. এম শমশের আলী “প্রফেসর ইমেরিটাস” হিসেবে বাউবিতে যোগদান এর সদয় সম্মতিপত্র প্রদানকালে সাথে ছিলেন তাঁর সহধর্মিণী মেরি কুরি স্কুলের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ সাকেবা আলী। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম ও রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। বর্ণাঢ্যময় কর্মজীবন ও বিরল সম্মানের অধিকারী অধ্যাপক ড. এম শমশের আলী ভূষিত হয়েছেন বহু গুরুত্বপূর্ণ সম্মাননা ও পুরস্কারে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হরিপ্রসন্ন রায় স্বর্ণপদক, বাংলাদেশ একাডেমি অব সায়েন্স স্বর্ণপদক, জগদীশ চন্দ্র বসু স্বর্ণপদক এর অন্যতম। দেশে ও আন্তর্জাতিক অঙ্গনের প্রথমসারির সায়েন্টিফিক জার্নালগুলোতে প্রকাশিত হয়েছে তার অসংখ্য গুরুত্বপূর্ণ যুগোপযোগী প্রকাশনা। এছাড়াও বিজ্ঞান, গণিত ও ইসলাম নিয়ে লিখেছেন বেশ কয়েকটি আলোচিত গ্রন্থ। এম শমশের আলী এমন একজন মানুষ চেনা ছকের বাইরে এসে যিনি দেখতে শিখেছেন মানুষ ও প্রকৃতিকে। বন্ধু ও কাছের মানুষেরা তাঁকে অভিহিত করেন A man with a large antenna বলে। বিজ্ঞানের পাশাপাশি কবিতা, সংগীত, সাহিত্য ও ধর্ম তাঁর বিশেষ আগ্রহের বিষয়।

মোঃ খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)